

বৃত্ত

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

## কারিগরি শিক্ষার মাধ্যমে জনসংখ্যাকে সম্পদে পরিণত করা সম্ভব

শিক্ষা প্রতিমন্ত্রী

উত্তরাঞ্চল ব্যুরো

শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন কারিগরি শিক্ষা ব্যবস্থা চালু করতে সরকারের উদ্যোগকে সফল করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বাংলাদেশের জনসংখ্যাকে এক নতুন সমস্যা থেকে সম্পদে পরিণত করার কারিগরি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

### কারিগরি : শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

একমাত্র হাতিয়ার হল কারিগরি শিক্ষা। এজন্য বর্তমান সরকার শিক্ষিত ও অর্ধশিক্ষিত বেকার যুবক-যুবতীদের কারিগরি শিক্ষায় শিক্ষিত করার নানামুখী উদ্যোগ নিয়েছে। তিনি শনিবার সকালে বগুড়া নটামস মিলনায়তনে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার বর্তমান ও ভবিষ্যৎ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করেন।

সেমিনারে বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বড় ছেলে তারেক রহমান উপস্থিত থাকলেও কোন বক্তব্য দেননি। আয়োজক সংস্থার পক্ষ থেকে তারেক রহমানকে বক্তব্য দেয়ার অনুরোধ করা হলে-জবাবে তিনি বলেন, 'আমি এখানে শ্রোতা হয়ে গুনতে এসেছি, পুরে কখনও সুযোগ পেলে বক্তব্য রাখার চেষ্টা করব।'

শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু, সংসদ সদস্য হেলালুজ্জামান তালুকদার লালু ও রাজী রফিকুল ইসলাম এমপি। সেমিনারে স্বাগত ভাষণ দেন কারিগরি শিক্ষা বোর্ডের মহাপরিচালক প্রফেসর মোঃ আবুল বাশার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্য ডিষ্ট্রিক মিলেনিয়াম অ্যাডভান্স টেকনোলজি ট্রেনিংয়ের প্রধান নির্বাহী আবু আহমেদ।